

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৮৮

খোয়াই, ১৬ নভেম্বর, ২০২৩

খোয়াইয়ে ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উদযাপিত

অল আদিবাসী অ্যাসোসিয়েশন অব ত্রিপুরার উদ্যোগে ও তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় গতকাল খোয়াই রাজের ধলাবিল গ্রামপঞ্চায়েতের বনবিথী ইকো পার্কে ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী ও জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হয়। প্রদীপ জ্বলে অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার। অনুষ্ঠানে ভগবান বিরসা মুন্ডার মর্ম মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা, কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার সহ অন্যান্য অতিথিগণ। অনুষ্ঠানে উদ্বোধকের ভাষণে জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ীকমিটির সভাপতি সুব্রত মজুমদার বলেন, ভারতের স্বাধীনতা আন্দোলনে ভগবান বিরসা মুন্ডার অবদান স্মরণীয় হয়ে থাকবে। তাই তাঁর আদর্শ বর্তমান প্রজন্মকে গ্রহণ করতে হবে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা। উপস্থিতি ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দাস, বিশিষ্ট সমাজসেবী সঞ্জিৎ দেববর্মা, প্রণব দেবনাথ, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বগিক প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন বিরসা মুন্ডা জন্মজয়ন্তী ও জনজাতীয় গৌরব দিবস উদযাপন কমিটির কনভেনেন্স রমেন সাঁওতাল। সভাপতিত্ব করেন সুরেশ মুন্ডা। অনুষ্ঠানে শিল্পীগণ মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।
